জবাবদিহিতা

একটি অভিযোগ জমা দেয়ার পর কী ঘটবে?

সব ধরনের বলপ্রয়োগ, হয়রানি বা ভীতিপ্রদর্শনের আচরণ তদন্ত করে দেখা হবে।

ঘটনার শিকার এবং অভিযুক্ত, উভয় শিক্ষার্থীর পিতামাতাদের তদন্তের ফল জানানো হবে (গোপনীয়তা সংক্রান্ত বিধি প্রতিপালনসাপেক্ষে)।

চ্যান্সেলরের প্রবিধান A-443 অনুযায়ী কথিত আচরণে শৃঙ্খলাবিধি লঙ্ঘিত হলে প্রযুক্ত শৃঙ্খলাবিধানকারী পদক্ষেপ গ্রহণ করা হবে।

আচরণটি যদি কোন অপরাধমূলক কাজ হয়ে থাকে, তাহলে পুলিশের সাথে যোগাযোগ করা হবে।

প্রয়োজনে আলাদাভাবে বা দলগতভাবে পরামর্শ এবং/অথবা হস্তক্ষেপমূলক পরিষেবা প্রদান করা হবে।

কেউ বলপ্রয়োগ বা ভীতিপ্রদর্শনের শিকারে পরিণত হলে তার জন্য কী কী সহায়তা পাওয়া যায়?

পরামর্শ পরিষেবার জন্য স্কুলের পরামর্শ পরিষেবা প্রদানকারীরা রয়েছেন।

Department of Education

মাইকেল আর ব্লুমবার্গ
মেয়র

ডেনিস এম. ওয়ালকট
চ্যান্সেলর

হয়রানি বা বৈষম্যমূলক আচরণের কোন ঘটনার খবর প্রদানকারী বা ঘটনার তদন্তে সহায়তা প্রদানকারীর বিরুদ্ধে প্রতিশোধমূলক ব্যবস্থা নেয়া নিষিদ্ধ। যে শিক্ষার্থীরা মনে করে যে তাদের বিরুদ্ধে প্রতিশোধ নেয়া হয়েছে, তাদেরকে অনতিবিলম্বে স্কুল সুপারভাইজারের সাথে যোগাযোগ করতে হবে।

আরও সাহায্যের প্রয়োজন হলে ই-মেল করতে পারেন –

RespectForAll@schools.nyc.gov

গোপনীয়তা: এই বিধি অনুযায়ী আনীত অভিযোগের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল পক্ষের এবং সাক্ষীদের গোপনীয়তা রক্ষা করা ও নাম-পরিচয় না জানানোর প্রতিশ্রুতির প্রতি সম্মান জানানো নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের নীতি। তবে, কোন কোন অভিযোগের সমাধান দিতে তথ্য প্রকাশের প্রয়োজনীয়তা দেখা দিতে পারে। সুতরাং অভিযোগ সম্পর্কে তথ্য যথোপযুক্ত ক্ষেত্রে প্রয়োজবশতঃ যাদের জন্য আবশ্যক, তাদের কাছে প্রকাশ করা হতে পারে।

T&I-10857 (Bengali)

নিউ ইয়র্ক সিটি
ডিপার্টমেন্ট অব এডুকেশন

সবার জন্য মর্যাদাঃ

নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলগুলোকে শিক্ষার্থীদের জন্য নিরাপদ এবং সহায়ক করে তোলা

নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলে সবার জন্য মর্যাদা

নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলের সকল শিক্ষার্থী, শিক্ষকমণ্ডলী এবং কর্মীগণ আমাদের স্কুল কম্যুনিটিতে বৈচিত্র্যপূর্ণ সংস্কৃতির প্রাচুর্য এবং মর্যাদার আকাঙ্ক্ষা নিয়ে আসেন।

সিটিব্যাপী আদর্শ শৃঙ্খলা ও হস্তক্ষেপমূলক ব্যবস্থা অনুযায়ী এক শিক্ষার্থী দ্বারা অপর শিক্ষার্থীকে হয়রানী করা নিষিদ্ধ এবং তা শিক্ষার্থীদেরকে যেকোন কারণে অন্য শিক্ষার্থীদের ভয়-ভীতি প্রদর্শন করা, এর মধ্যে আছে বিদ্রুপ এবং/অথবা নিন্দাজ্ঞাপনসহ হুমকি দেয়া বা জাতি, বর্ণ, জাতিগত পরিচয়, জাতিগত উৎপত্তি (এর মধ্যে আছে একই দেশ হতে আসা একই উত্তরাধিকার, ঐতিহ্য, ইতিহাস ধারণ করে এমন শিক্ষার্থী দল), ধর্ম, লিঙ্গ, লৈঙ্গিক পরিচয়, লৈঙ্গিক প্রকাশ, যৌন পছন্দ, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা অথবা প্রতিবন্ধিত্ব ইত্যাদি বিষয় উত্থাপন করে নিন্দা করা বারণ করে দেয়। এই নীতি স্কুলের মাঠ, বাস এবং স্কুল আয়োজিত সকল কর্মকান্ড, কর্মসূচি এবং অনুষ্ঠানে কার্যকর হবে।

মর্যাদা: ব্যক্তির আত্মসম্মানবোধের অথবা মূল্যের বা উৎকর্ষের ধারণা; যথাযথ গ্রহণযোগ্যতা বা সৌজন্য; অপরের চরিত্রের মর্যাদার প্রতি সম্মান; স্বীকৃতি; সন্মানিত বা মর্যাদাপ্রাপ্ত বোধ করার মতো অবস্থা; অন্যের জন্য বিবেচনা ও শ্রদ্ধাবোধ।

চ্যান্সেলরের প্রবিধান (www.nyc.gov/schools/RulesPolicies/ChancellorsRegulations) এবং শৃঙ্খলাবিধির কপি (www.nyc.gov/schools/languages/bengali) প্রিন্সিপ্যালের অফিসে এবং অনলাইনে উপরের ওয়েব সাইগুলোতে পাওয়া যাবে।

কোন শিক্ষার্থী অপর শিক্ষার্থীর সাথে বৈষম্যমূলক আচরণ বা হয়রানি করলে,তার ফল কী হতে পারে?

ডিপার্টমেন্ট অব এডুকেশনের শৃঙ্খলাবিধি এধরনের আচরণ নিষিদ্ধ করে। যেসব শিক্ষার্থী শৃঙ্খলাবিধি লঙ্ঘন করবে, তাদের বিরুদ্ধে সিটিব্যাপী প্রমিতমান এবং চ্যান্সেলরের প্রবিধান ৪৪৩ (A-443) অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

কোন্‌টিকে হয়রানি বা বৈষম্যমূলক আচরণ হিসাবে বিবেচনা করা হয়

হয়রানি/বৈষম্যমূলক আচরণ হচ্ছে একজন শিক্ষার্থী কর্তৃক অপর শিক্ষার্থী বা শিক্ষার্থী দলের প্রতি এক বা একাধিক অগ্রহণযোগ্য কাজ করা। হয়রানি বা বৈষম্য দৈহিক, মৌখিক বা সামাজিক হতে পারে। ***দৈহিক*** হয়রানির ক্ষেত্রে শারীরিক আহত বা আহত করার হুমকি হতে পারে। ***মৌখিক*** হয়রানি হচ্ছে টিপ্পনি কাটা, বিদ্রুপ করা বা কাউকে অপমান করা। ***সামাজিক*** হয়রানি হচ্ছে কাউকে অপদস্থ বা আলাদা করার জন্য সহপাঠী কর্তৃক পরিত্যাগ করা বা বহিষ্কার করা।

নিষিদ্ধ আচরণের উদাহরণ কী কী?

- এক শিক্ষার্থী অপর কোন শিক্ষার্থীকে তার গোত্র, বর্ণ, জাতি, ধর্ম, জাতীয় পরিচয়, লিঙ্গ, লৈঙ্গিক পরিচয়, লৈঙ্গিক প্রকাশ, যৌন পছন্দ, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ওজন, চেহারা বা প্রতিবন্ধিত্বের কারণে হুমকি দেয়া বা হয়রানি করা, ভয় দেখানো বা নির্যাতন করা;
- এক শিক্ষার্থী অপর কোন শিক্ষার্থীকে তার গোত্র, বর্ণ, জাতি, ধর্ম, জাতিগত উৎপত্তি, লিঙ্গ, লৈঙ্গিক পরিচয়, লৈঙ্গিক প্রকাশ, যৌন পছন্দ, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ওজন, চেহারা বা প্রতিবন্ধিত্ব সম্পর্কে অবমাননাকর কথা বলা বা তামাশা করা কিংবা গালাগাল দেয়া।
- অপর একজন শিক্ষার্থীকে উত্যক্ত বা বিদ্রুপ করা।
- দেয়াল-লিখনসহ অঙ্কিত চিত্র প্রদর্শনের জন্য সাঁটানো বা বিলি করা, অথবা কাপড়ে ছাপা কিংবা বিলি করা, অথবা ইন্টারনেটে ভয়-ভীতি প্রদর্শনের জন্য প্রকাশ করা (সাইবার বুলিইং) গৎবাঁধা মন্তব্য, যেগুলি অন্যদের গোত্র, বর্ণ, জাতি, ধর্ম, জাতীয় পরিচয়, লিঙ্গ, লৈঙ্গিক পরিচয়, লৈঙ্গিক প্রকাশ, যৌন পছন্দ, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ওজন, চেহারা বা প্রতিবন্ধিত্বের কারণে অন্যদের জন্য অবমাননাকর।
- অগ্রহণযোগ্য গৎবাঁধা মন্তব্য বা বিদ্বেষপূর্ণ কাজ, যা গোত্র, বর্ণ, জাতি, ধর্ম, জাতীয় পরিচয়, লিঙ্গ, লৈঙ্গিক পরিচয়, লৈঙ্গিক প্রকাশ, যৌন পছন্দ, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ওজন, চেহারা বা প্রতিবন্ধিত্বের কারণে অপরের জন্য অবমাননাকর। অবস্থা বা প্রতিবন্ধিত্বের কারণে অপরের জন্য অবমাননাকর।

T&I-10857 (Bengali)

তুমি যদি বিশ্বাস কর যে অপর একজন শিক্ষার্থী তোমাকে হয়রানি করেছে বা তোমার সাথে বৈষম্যমূলক আচরণ করেছে বা তুমি যদি এ ধরনের আচরণ কোথাও ঘটতে দেখো, তাহলে কী করা উচিত ?

যে-সকল শিক্ষার্থী বিশ্বাস করে যে তারা বলপ্রয়োগ বা ভীতিপ্রদর্শনের শিকার হয়েছে, এবং অন্য যেসব শিক্ষার্থী সে ধরনের আচরণ ঘটতে দেখেছে, তাদের উচিত ঘটনাটি সাথে সাথে জানানো।

- বৈষম্য বা হয়রানির লিখিত বা মৌখিক অভিযোগ, তোমাদের স্কুলে সারা বছরব্যাপী প্রদর্শিত ***"সবার জন্য মর্যাদা"*** শীর্ষক পোস্টারে তালিকাভুক্ত কর্মী সদস্যের কাছে, বা যে কোন স্কুল কর্মীর কাছে করা যেতে পারে।
- ঘটনা সংঘটিত হওয়া পর যত তাড়াতাড়ি সম্ভব, অভিযোগ দাখিল করা উচিত যাতে সেগুলো কার্যকরভাবে তদন্ত এবং সমাধান করা যায়।
- স্কুল-কর্মীরা শিক্ষার্থীদের অভিযোগ যথাযথ স্কুল কর্তৃপক্ষকে জানাবেন।
- স্কুল-কর্মীদের যারা হয়রানি বা বৈষম্যমূলক আচরণ দেখবেন, তারাও ঘটনাটি যথাযথ তত্ত্বাবধানকারী কর্তৃপক্ষকে জানাবেন। স্কুল-কর্মীরা এধরনের আচরণ বন্ধ করতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবেন।

শিক্ষার্থী-বনাম-শিক্ষার্থী হয়রানি বা বৈষম্যমূলক আচরণের কারণে অভিযোগ করার জন্য দায়িত্বপ্রাপ্ত স্কুল কর্মীর নাম জানতে হলে স্কুলব্যাপী প্রদর্শিত "সবার জন্য মর্যাদা" শীর্ষক পোস্টার দেখো।